



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ
ইনস্টিটিউট (বারটান)
প্রাণিসম্পদ শাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	কাজী আবুল কালাম পরিচালক (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৬ জুলাই ২০২০ খ্রি:
সভার সময়	বিকাল ২.৩০ ঘটিকা
স্থান	বারটান-এর সভাকক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা-পরিশিষ্ট-ক

১. জুম ক্লাউড এর মাধ্যমে অনুষ্ঠিত সভার শুরুতে সভাপতি বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সকল সদস্যকে এবং আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তাকে স্বাগত জানান। ২০২০-২১ অর্থ বছরের আঞ্চলিক কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল লক্ষ্যমাত্রা যাতে সঠিক সময়ে অর্জন করা যেতে পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয় সকলকে অনুরোধ করেন। ২০১৯-২০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সামগ্রিক বিষয়ে ও ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নিয়ে আলোচনা করার জন্য বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের ফোকাল পয়েন্ট মাকছুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে অনুরোধ করেন। জনাব মাকছুদুল হক এপিএ-এর আঞ্চলিক কার্যালয় ও প্রধান কার্যালয়ের সার্বিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপ:

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	২০১৯-২০ অর্থ বছরের আঞ্চলিক কার্যালয়ের এপিএ এর সার্বিক অগ্রগতি বিষয়ের আলোচনা করা হয়। কোভিড-১৯ ও বাজেট স্বল্পতার কারণে ২০১৯-২০ অর্থ বছরের সকল লক্ষ্যমাত্রা সম্পূর্ণ অর্জন করা সম্ভব হয় নি – বিষয়টি সকল আঞ্চলিক প্রধানগণই উল্লেখ করেন।	২০১৯-২০ অর্থ বছরে প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয় হতে সম্পাদিত সকল কার্যক্রমের প্রমাণক জরুরি ভিত্তিতে সংগ্রহ ও সংকলন করতে হবে। এছাড়া, ২০২০-২১ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	এপিএ ফোকাল পয়েন্ট এবং সকল উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়।

২.	২০২০-২১ অর্থ বছরে আঞ্চলিক কার্যালয়ের এপিএ-এর ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রমাণক প্রদান করা বিষয়ে আলোচনা করা হয়।	২.ক) ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রমাণক সূচক অনুযায়ী প্রদান করতে হবে। ২.খ) আঞ্চলিক কার্যালয়ের সকল প্রতিবেদন একটি ফাইল আকারে একত্রে প্রদান করতে হবে। ২.গ) সকল প্রমাণক পিডিএফ আকারে দিতে হবে, ছবি আকারে দেওয়া যাবে না।	সকল উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়।
৩.	আঞ্চলিক কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের এপিএতে প্রতিটি সূচকের বিপরীতে কত লক্ষ্যমাত্রা হওয়া উচিত তা নিয়ে আলোচনা করা হয়।	আঞ্চলিক কার্যালয় যে লক্ষ্যমাত্রা প্রদান করেছে তা সম্পূর্ণরূপে অর্জন করতে হবে।	সকল উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়।
৪.	ঝুঁকিযুক্ত, ঝুঁকিবিহীন বৃক্ষরোপন সম্পর্কে আলোচনা করা হয়।	২০২০-২১ অর্থ বছরে ৫০ টি ঝুঁকিযুক্ত, ঝুঁকিবিহীন বৃক্ষরোপন করতে হবে।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বরিশাল আঞ্চলিক কার্যালয়।

২. আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কাজী আবুল কালাম
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০৯.৭৭.০০১.১৯-৮০৭

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭


২৭ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), ল্যাব গবেষণা বিভাগ, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ২) উর্ধ্বতন প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, খাদ্য শস্য শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফুড হাইজিন ও কোয়ালিটি শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

- ৬) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডায়েট প্রমিতকরণ শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র নোয়াখালী, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র নেত্রকোনা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৯) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র রংপুর, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ১০) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র ঝিনাইদহ, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ১১) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র বরিশাল, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ১২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র সিরাজগঞ্জ, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ১৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র সুনামগঞ্জ, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ১৪) ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক- এর দপ্তর, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)



গোলাম ছগির আহাম্মদ
বৈজ্ঞানিক কর্মকর্তা